NEW YORK STATE | Department of Health

রিয়েল এস্টেট সার্ভিসের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে

আপনি এই নথিটি পড়ে আপনি নিচে নিশ্চিত করতে পারেন।

15 জুন 2020 তারিখ অনুযায়ী

উদ্দেশ্য

COVID-19 জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির সময় রিয়েল এস্টেট সার্ভিসের জন্য এই অন্তর্বর্তীকালীন নির্দেশিকাটি ("রিয়েল এস্টেটের জন্য অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা") তৈরি করা হয়েছে রিয়েল এস্টেট সেক্টরের ব্যবসার মালিক/অপারেটরদের এবং তাদের কর্মচারী, বিক্রেতা/দালাল এবং ঠিকাদারদের COVID-19-এর বিস্তার থেকে সতর্ক করে রক্ষণাবেক্ষণের জন্য।

এই নির্দেশিকা আবাসিক সম্পত্তি ব্যবস্থাপনা সত্তা, রিয়েল এস্টেট বিক্রেতা/দালাল, বিল্ডিং ইন্সপেক্টর, বিল্ডিং মূল্যায়নকারী এবং সংশ্লিষ্ট কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য। এই নির্দেশিকা রিয়েল এস্টেট পরিষেবার জন্য নির্বাহী আদেশ 202.6 অনুযায়ী পূর্বে জারি করা ছাড়াও আরো নির্দেশিকা জারি করে। এই নির্দেশিকা অফিস স্পেস দখলকারী সত্তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়; আরও তথ্যের জন্য দেখুন "অফিস ভিত্তিক কাজের জন্য অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা"। এই নির্দেশিকা অনাআবাসিক/বাণিজ্যিক সম্পত্তি ব্যবস্থাপনার ক্ষেত্রেও প্রযোজ্য নয়; আরও তথ্যের জন্য দেখুন, "বাণিজ্যিক বিল্ডিং ব্যবস্থাপনার জন্য অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা"। যাইহোক, যদি একটি আবাসিক সম্পত্তি ব্যবস্থাপনা সংস্থা একই ভবনে অনাআবাসিক/বাণিজ্যিক সম্পত্তি ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত হয় এবং যদি আবাসিক ভাড়াটে এবং বাণিজ্যিক ভাড়াটেরা প্রবেশদ্বার, পার্কিং বা অন্যান্য সাধারণ স্থান শেয়ার করে, তাহলে সম্পত্তি ব্যবস্থাপনা সত্তাকে অবশ্যই বাণিজ্যিক বিল্ডিং ব্যবস্থাপনা খাতের জন্য নির্দেশিকা পর্যালোচনা এবং নিশ্চিত করতে হবে।

পটভূমি

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম প্রয়োজনীয়তা এবং দায়িত্বশীল পক্ষ অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকাগুলি স্টেটের পুনরায় খোলার দ্বিতীয় ধাপের সময় জনস্বাস্থ্যের জন্য যে অভ্যাস বা চর্চাগুলি সবথেকে ভালো বলে জানা গেছে তার ওপর ভিত্তি করে করা হয়েছে এবং এই নির্দেশিকাগুলি যে নথি ভিত্তিক তা ঘনঘন পরিবর্তিত হতে পারে বা হয়। দায়িত্বপ্রাপ্ত পক্ষগণ - নিচে যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে - রিয়েল এস্টেট সংক্রান্ত কার্যকলাপের সাথে সম্পর্কিত সমস্ত স্থানীয়, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আবশ্যিকতাগুলি মেনে চলার জন্য দায়বদ্ধ। দায়িত্বপ্রাপ্ত পক্ষগণ এই আবশ্যকতাগুলির যেকোনো আপডেট হলে সে বিষয়ে অবগত থাকা, সেইসাথে যেকোনো রিয়েল এস্টেট সংক্রান্ত কার্যকলাপ এবং/অথবা সাইটের নিরাপত্তা পরিকল্পনাতে সেগুলি অন্তর্ভুক্ত করার জন্যও দায়বদ্ধ।

7 মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19-এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেছিলেন। সমগ্র নিউ ইয়র্ক জুড়ে COVID-19-এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের দপ্তর মধ্যস্থ কর্মীদের কাজকর্মকে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যকীয় ব্যবসা, ঠিক যেভাবে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) নির্দেশিকা দ্বারা সংজ্ঞাবদ্ধ করা হয়েছে,

পরিচালন বিধি ব্যক্তিগত নিষেধাজ্ঞার শর্তাবলীর মধ্যে প্রযোজ্য নয় কিন্তু নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) দ্বারা জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখার জন্য প্রয়োজনীয় পরিচালন বিধি এবং নির্দেশাবলী মেনে চলতে হবে এবং যত বেশি সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখাতে দৃঢ় অনুরোধ করা হয়েছে। বিশেষ করে, রিয়েল এস্টেট সার্ভিসের জন্য, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্তৃক জারি করা নির্দেশিকায় বলা হয়েছে:

12 এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়িক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছে, বিনামূল্যে তাদের মুখের আচ্ছাদন, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, তা প্রদান করতে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন, যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ ব্যবহার করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয় বা যখন সামাজিক দুরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারি এবং বেসরকারি পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ ব্যবহার করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই যেকোনো যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যেকোনো পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, সেটি পরার নির্দেশ দেয় যখন তেমন কোনো গাড়িতে কোনো যাত্রী থাকে। ব্যবসায়িক প্রতিষ্ঠানের পরিচালক/মালিকদের, মুখের আবরণ বা মাস্কের আবশ্যিকতা না মেনে চলা ব্যক্তিবর্গকে প্রবেশ করতে না দেওয়ার অধিকার প্রদান করে গভর্নর কুওমো, 29 মে, 2020 তারিখে নির্বাহী আদেশ 202.34 জারি করেছেন।

26 এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউ ইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনস্বাস্থ্য পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020 তারিখে প্রথম পর্যায় খোলা শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। কিছু অতিরিক্ত রিয়েল এস্টেট কার্যক্রম নিউ ইয়র্ক অঞ্চলের মধ্যে অনুষ্ঠিত হওয়ার অনুমতি দেওয়া হয় শুধুমাত্র যখন একটি অঞ্চল তার পুনঃখোলার পরিকল্পনার দ্বিতীয় পর্যায়ে পৌঁছায়। 29 মে, 2020 তারিখে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে স্টেটের বিভিন্ন অঞ্চলে পুনরায় খোলার দ্বিতীয় পর্যায় শুরু হবে এবং ভাইরাসটি কীভাবে প্রতিরোধ করা যেতে পারে তা প্রতিনিয়ত পর্যবেক্ষণ করার জন্য নিউ ইয়র্কবাসী, সরকারি কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য স্টেটের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করতে একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন ব্যবহার করার কথাও ঘোষণা করেছেন।

নিম্নলিখিত মানদণ্ড ছাড়াও, অত্যাবশ্যক এবং অনাবশ্যক উভয় ব্যবসা DOH-এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনা বিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে দায়বদ্ধ রিয়েল এস্টেট সংক্রান্ত কার্যকলাপগুলির জন্য মানদণ্ড

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি ন্যূনতম স্টেটের মান ব্যতীত রিয়েল এস্টেট সংক্রান্ত কোনো কার্যক্রম পরিচালিত হতে পারবে না।

COVID-19 জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির সময় কার্যরত সমস্ত রিয়েল এস্টেট সংক্রান্ত কার্যকলাপের ক্ষেত্রে এই নির্দেশিকায় থাকা স্টেটের মানদণ্ডগুলি স্টেট দ্বারা সংশোধিত বা রদ না করা পর্যন্ত প্রযোজ্য থাকবে। রিয়েল এস্টেট ব্যবসার পরিচালক/মালিক বা পরিচালক/মালিকের নিয়োজিত অন্য কোনো পক্ষ (উভয় ক্ষেত্রেই, "দায়িত্বপ্রাপ্ত পক্ষগণ"), এই মানদণ্ডগুলি পূরণ করার জন্য দায়বদ্ধ থাকবেন।

উল্লেখ্য, যেখানে অন্যভাবে উল্লেখ করা হয়েছে, সেখানে এজেন্ট, ব্রোকার, বিক্রেতা, সাব-কন্ট্রাক্টর এবং বিক্রেতাদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

নিম্নলিখিত নির্দেশিকা তিনটি নির্দিষ্ট বিভাগে সংগঠিত করা হয়েছে: মানুষ, স্থান এবং প্রক্রিয়াসমূহ

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়িত্বশীল পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে অভ্যান্তরীণ (যেমন- HVAC রক্ষণাবেক্ষণ বা কমন এলাকাগুলি পরিষ্কার করা) যেকোনো কাজের ক্ষেত্রে, কর্মী উপস্থিতি এবং গ্রাহকদের একটি নির্দিষ্ট এলাকার জন্য সর্বোচ্চ 50% ব্যবহারের সার্টিফিকেট দ্বারা নির্ধারিত হয়েছে।

- দায়িত্বপ্রাপ্ত পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে সব সময় শ্রমিকদের মধ্যে অন্তত ছয় ফুট দূরত্ব বজায় রাখা হয়েছে, যদি না মূল কার্যকলাপের নিরাপত্তার জন্য একটি স্বল্প দূরত্বের প্রয়োজন হয় (উদাহরণস্বরূপ পরিষ্কারকরণ, রক্ষণাবেক্ষণ, মূল্যায়নের জন্য পরিমাপকরণ, ইউনিট পরিদর্শন)। যখনই কোন ব্যক্তিকে অন্য ব্যক্তির ছয় ফুটের মধ্যে আসতে হবে, ঠিক তখন সঠিকভাবে মুখ ঢেকে রাখতে হবে। যদি অন্য কেউ অপ্রত্যাশিতভাবে ছয় ফুটের মধ্যে আসে তাহলে ব্যক্তিকে অবশ্যই মুখ ঢেকে রাখার জন্য প্রস্তুত থাকতে হবে।
    - COVID-19-এর জন্য স্বীকৃত মুখের আবরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, মুখ এবং নাক উভয়ই ঢাকে এ রকম কাপড়ের মুখের আবরণ এবং ডিজপোজেবেল মাস্কস।
    - যদিও, কাজের ধরনের জন্য যেখানে সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের (Personal Protective Equipment, PPE) একটি উচ্চ মানের সুরক্ষার প্রয়োজন সেইসব ক্ষেত্রে কর্মক্ষেত্রের কার্যকলাপগুলির জন্য কাপড়ের, ডিজপোজেবেল বা অন্যান্য বাড়িতে তৈরি মুখের আবরণ স্বীকৃত নয়। সেই সমস্ত কার্যকলাপের জন্য, OSHA-এর নির্দেশিকা অনুযায়ী সংজ্ঞায়িত করা বিদ্যমান শিল্পের মানদণ্ড অনুযায়ী N95 রেস্পিরেটার বা অন্যান্য PPE ব্যবহার করা অব্যাহত রাখা উচিত।
    - দায়িত্বশীল পক্ষগুলোর উচিত ব্যক্তিদেরকে শেয়ারকৃত স্থানে মুখের আবরণ পরার কথা স্মরণ করিয়ে দেওয়া (যেমন- লবি করিডোর, লিফট, এপার্টমেন্ট ইউনিট) বিশেষ করে যখন ন্যূনতম ছয় ফুট বজায় রাখা সম্ভব নয়।
    - যেখানে সম্ভব, দায়িত্বশীল পক্ষগুলিকে শুধুমাত্র বাসিন্দা এবং গ্রাহকদের জন্য প্রবেশদ্বার/প্রস্থান এবং কর্মীদের জন্য পৃথক প্রবেশদ্বার নির্ধারণ করতে হবে।
    - দায়িত্বশীল পক্ষগুলির যেকোনো কমন ইনডোর বা আউটডোর বসার জায়গা বন্ধ করার কথা বিবেচনা করা উচিত। এই ধরনের জায়গা খোলা থাকলে, দায়িত্বশীল পক্ষগুলোকে অবশ্যই বসার জায়গা পরিবর্তন করতে হবে যাতে ব্যক্তিবর্গ (যেমন- কর্মচারী এবং/অথবা বাসিন্দারা) সব দিক থেকে অন্তত ছয় ফুট ব্যবধানে থাকে (যেমন- পার্শ্ব থেকে পাশাপাশি এবং একে অপরের মুখোমুখি হওয়ার সময়)।

- দায়িত্বশীল পক্ষগুলো কর্ম এলাকা (অভ্যর্থনা কেন্দ্র) ও কর্মচারী বা গ্রাহকের বসার এলাকার (বিরতি নেওয়ার কক্ষ, লাঞ্চ রুম, অপেক্ষা করার কক্ষ, কাজে আসার/কাজ থেকে যাওয়ার সময় লিপিবদ্ধ করার জায়গা) সংখ্যার ব্যবহার পরিবর্তন এবং/অথবা সীমাবদ্ধ করতে পারে, যাতে শ্রমিকরা সব দিক থেকে অন্তত ছয় ফুট (যেমন-পাশে

এবং যখন একে অপরের মুখোমুখি হয়) এবং ব্যবহারের মধ্যে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে কর্ম ক্ষেত্র শেয়ার করছে না। কর্মক্ষেত্র বা জায়গাগুলির মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব না হলে, দায়িত্বপ্রাপ্ত পক্ষগণকে অবশ্যই মুখের আবরণ প্রদান করতে হবে সেগুলি ব্যবহার করা বাধ্যতামূলক করতে হবে বা যেখানে প্লাস্টিকে বিভাজক দেওয়ালের মতো বস্তুগত বাঁধা, বায়ুপ্রবাহ, হিটিং, কুলিং বা বায়ু চলাচলে বাঁধা সৃষ্টি করবে না সেখানে মুখের আবরণের পরিবর্তে সেগুলির বন্দোবস্ত করতে হবে।

- OSHA-এর নির্দেশিকা অনুযায়ী শারীরিক বিভাজক স্থাপন করা উচিত।
- শারীরিক বিভাজকে বিকল্পগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকেতে পারে: ফালি করে কাটা পর্দা, আলাদা ছোট কক্ষ, প্লেক্সিগ্লাস বা সেই ধরনের উপকরণ বা অন্যান্য প্রবেশ্যহীন বিভাজক বা পার্টিশনগুলি।

- দায়িত্বপ্রাপ্ত পক্ষগণকে একই সময়ে একজনের বেশি কর্মচারীকে একটি ছোটো জায়গার (যেমন- লিফট, স্টোরেজ ও সাপ্লাই কক্ষ) ব্যবহার নিষিদ্ধ করতে হবে, যদি না সেই সময় সেই জায়গায় থাকা সকল কর্মচারীরা সঠিক মুখের আবরণ পরে থাকেন। যাইহোক, এমনকি মুখ আবরণ ব্যবহার সত্ত্বেও, দখল কখনই স্থান বা যানবাহনের সর্বোচ্চ ধারণ ক্ষমতার 50% অতিক্রম করা উচিত নয়, যদি না এটি একটি একক দখলদার দ্বারা ব্যবহারের জন্য প্রস্তুত করা হয়। দায়িত্বপ্রাপ্ত দলগুলির উচিত নিরাপত্তা প্রোটোকল বজায় রাখার সময় বাইরের বাতাসের সাথে ভেন্টিলেশন বাড়ানো (যেমন- যখন রক্ষণাবেক্ষণ কাজ পরিচালনা করা হবে তখন সিড়ি, ভবনের প্রবেশদ্বার বা পুরো ভবনের জানালা এবং দরজা খোলা রাখা)। দায়িত্বপ্রাপ্ত পক্ষগণ, লিফটের জন্য অপেক্ষা করার জায়গাগুলিতে জনসমাগম যাতে না হয় এবং লিফটে যতজন যেতে পারবেন তার সংখ্যা সীমিত করে, সিড়ির ব্যবহারের মতো, অতিরিক্ত ব্যবস্থা নেবেন।

- দায়িত্বপ্রাপ্ত পক্ষগণ সরু গলি, হলওয়ে বা খালি জায়গাগুলিতে টেপ বা তীর চিহ্ন ব্যবহার করে উভয় দিকে পায়ে হেঁটে চলা কমাবার ব্যবস্থা নিতে হবে এবং সকলের ব্যবহার করতে হয় এমন অঞ্চলগুলিতে এবং লাইন পড়ে এমন অঞ্চলগুলিতে বা লোকজন সমবেত হয় (যেমন- অভ্যর্থনা কেন্দ্র, স্বাস্থ্য পরীক্ষার কেন্দ্র), এমন অঞ্চলগুলিতে, যথাযথ সামাজিক দূরত্বের জায়গা চিহ্নিত করে সাইনেজ এবং দূরত্ব চিহ্নিতকারী পোস্ট করতে হবে।

- দায়িত্বপ্রাপ্ত পক্ষগুলিকে আবাসিক বা বাণিজ্যিক ভবনের চারপাশজুড়ে DOH-এর COVID-19 সংকেতের সাথে সামঞ্জস্যপূর্ণ নির্দেশিকাগুলো টাঙিয়ে দিতে হবে। দায়িত্বশীল পক্ষগণ তাদের কর্মস্থলটি একটি নির্দিষ্ট নিজস্ব কাস্টোমাইজ করা সাইনেজে রুপান্তর করতে পারেন তবে সেই সাইনেজ দপ্তরের সাইনেজের সাথে সংগতিপূর্ণ হতে হবে। কর্মচারীদের এগুলি মনে করিয়ে দেওয়ার জন্য সাইনেজ ব্যবহার করতে হবে:
  - যখন ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না তখন মুখের একটি আচ্ছাদন দিয়ে তাদের নাক এবং মুখ ঢেকে রাখুন।
  - PPE যথাযথভাবে সংরক্ষণ করা এবং যখন বাতিল করতে হবে তখন বাতিল করা।
  - শারীরিক দূরত্বের নির্দেশিকাগুলি মেনে চলা।
  - COVID-19-এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা এবং কীভাবে এগুলো করা উচিত।
  - হাতের স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার ও জীবাণুমুক্তকরণ নির্দেশিকাগুলি মেনে চলা।
  - শ্বাস প্রশ্বাস সংক্রান্ত যথাযথ স্বাস্থ্যবিধি এবং কাশি দেওয়ার শিষ্টাচার মেনে চলা।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়িত্বশীল পক্ষগুলিকে অবশ্যই স্বশরীরে সমবেত হওয়া সীমিত করতে হবে (যেমন- মিটিং কনফারেন্স) সব চেয়ে বেশি যতটা সম্ভব এবং "করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) মোকাবেলায় পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার জন্য ব্যবসা ও নিয়োগকারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19)) CDC-এর নির্দেশিকা

অনুযায়ী অন্যান্য পদ্ধতি যেমন- ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো পদ্ধতি ব্যবহার করতে হবে। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়িত্বশীল পক্ষগুলোর উন্মুক্ত, ভালোভাবে সজ্জিত ভেন্টিলেটারের মধ্যে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তিবর্গ এক আরেকজনের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রেখেছে (যেমন- চেয়ার থাকলে, চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদের পর্যায়ক্রমে চেয়ারে বসতে হবে)।

- দায়িত্বশীল পক্ষকে ছোটখাটো জায়গাগুলোতে, যেমন- বিশ্রামকক্ষ এবং বিরতি নেওয়ার কক্ষে পর্যাপ্ত সামাজিক দূরত্ব বজায় রাখার ব্যবস্থা করতে হবে এবং এই ধরনের জায়গাগুলোতে যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন- ব্যবহৃত হচ্ছে চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং

- সামাজিক দূরত্ব (অর্থাৎ ছয় ফুট দূরত্ব) পালন করার জন্য, যেখানে পরিচালনগত দিক দিয়ে সম্ভব (কফি ব্রেক, খাওয়ার সময় এবং শিফট শুরু ও শেষের সময়), সেখানে দায়িত্বশীল পক্ষগণকে কর্মচারীদের সময়সূচি পরিবর্তন করে দিতে হবে।

- অপ্রয়োজনীয় কমন এলাকাগুলি (উদাহরণস্বরূপ গেম রুম) পরবর্তী নির্দেশিকা জারি না হওয়া পর্যন্ত বন্ধ থাকতে হবে।

C. কর্মক্ষেত্রের কার্যকলাপ

- দায়িত্বশীল পক্ষগণ কর্মচারীদের মধ্যে পারস্পরিক সংযোগ এবং জনসমাগম হ্রাস করতে নিম্নলিখিত ধরনের পদ্ধতিগুলির মাধ্যমে অবশ্যই ব্যবস্থা নেবেন:
  - কর্মক্ষেত্রের ভিতরে উপস্থিতি শুধুমাত্র আবশ্যক কর্মীদের মধ্যেই সীমিত রেখে;
  - কর্মক্ষেত্রের কর্মঘন্টা সমন্বয় করা;
  - সামাজিক দূরত্বের নির্দেশিকা পালনের জন্য অন-সাইট কর্মচারীর সংখ্যা হ্রাস করা;
  - শিফটিং ডিজাইন (যেমন- A/B দল, কাজের সময়সূচি পরিবর্তন করা যাতে কর্মীদের দল নির্দিষ্ট সময়ে তাদের টেবিলে বসতে পারে, লবি এবং লিফটে ভিড় কমাতে আগমন/প্রস্থানের সময় পরিবর্তন করা হয়);
  - নির্ধারিত কাজগুলো বিক্ষিপ্ত করে এবং অধিকৃত অঞ্চলগুলি নির্দেশ করতে চিহ্নগুলি ব্যবহার করে একই অঞ্চলে একাধিক কর্মচারী এবং/অথবা দলের কাজ করা এড়ানো; এবং
  - বিভাজন এবং ব্যাচিং কার্যক্রম, যেখানে সম্ভব, যাতে ব্যক্তিরা সামাজিক দূরত্ব মেনে চলতে পারে এবং একই সময়ে হাত স্পর্শ কারী যন্ত্রপাতির সংখ্যা কমাতে পারে (উদাহরণস্বরূপ একজন কর্মচারী স্পর্শ করে কার্যক্রম পরিচালনা করে একম সকল স্ক্রিন ইত্যাদি)।

D. আবাসিক ইন-পার্সন প্রপার্টি শো এবং সংশ্লিষ্ট কার্যক্রম

- দায়িত্বশীল পক্ষগুলো সামাজিক দূরত্ব এবং প্রয়োজনীয় PPE সংক্রান্ত নিরাপত্তা নির্দেশিকা মেনে চলার সময় ইন-পার্সন প্রপার্টি শো পরিচালনা করতে পারে। নিম্নলিখিত পদক্ষেপগুলি অবশ্যই অনুসরণ করতে হবে:
  - প্রদর্শন এবং উন্মুক্ত বাড়ি শুধুমাত্র খালি অবস্থায় (উদাহরণস্বরূপ, বর্তমান মালিক বা ইজারাদার সম্পত্তির ভিতরে নেই) বা ফাঁকা সম্পত্তিতে অনুমতি দেওয়া হবে;
    - সকল প্রদর্শনী এবং উন্মুক্ত বাড়ির জন্য, দায়িত্বশীল পক্ষগুলির উচিত যেকোনো সময় একটি সম্পত্তি দেখা ব্যক্তির সংখ্যা সীমিত করা। যদি একাধিক পক্ষ (বিভিন্ন পরিবার থেকে) একই সময়ে একটি প্রদর্শনীর জন্য আসে, দায়িত্বশীল পক্ষগুলোর উচিত যারা লাইনে দাঁড়িয়ে আছে তাদের তাদের সময় আসা পর্যন্ত অপেক্ষা করতে উৎসাহিত করা।

        - একটি সর্বোত্তম অভ্যাস হিসেবে, সম্ভব হলে, প্রদর্শনের জন্য অ্যাপয়েন্টমেন্ট আগে থেকেই নির্ধারণ করা উচিত।
    - দায়িত্বশীল পক্ষ এবং সেই সাথে সকল ব্যক্তিকে (যেমন- বিল্ডিং ইন্সপেক্টর / মূল্য নির্ধারণকারী অথবা সম্ভাব্য ক্রেতা/ইজারাদার) সব সময় একটি মুখ আবরণ পরতে হবে এবং দায়িত্বশীল পক্ষগুলি গ্লাভস এবং জুতার আবরণ পরার জন্য বেছে নিতে পারে;
        - দায়িত্বশীল পক্ষগুলি প্রয়োজন হলে সম্ভাব্য ভাড়াটে এবং/অথবা ক্রেতাদের ফেস কভার এবং গ্লাভস প্রদান করা উচিত;
    - সম্পত্তিতে থাকাকালীন সময়ে শুধুমাত্র প্রয়োজনীয় পৃষ্ঠ স্পর্শ করার জন্য (উদাহরণস্বরূপ, প্রয়োজনে হ্যান্ডরেল উপরে/নিচে যাওয়া) দায়িত্বশীল পক্ষগুলির উচিত সম্ভাব্য ভাড়াটে/ক্রেতাদের উপদেশ দেওয়া। অন্যান্য ক্ষেত্র বা পৃষ্ঠ যেমন- ক্যাবিনেট, কাউন্টারটপ, যন্ত্রপাতি ইত্যাদি ভাড়াটে/ক্রেতাদের দ্বারা স্পর্শ করা উচিত নয়।
    - দায়িত্বশীল পক্ষগুলিকে প্রতিটি প্রদর্শনীর আগে এবং পরে কর্মচারী, বিক্রেতা, এজেন্ট এবং দালালদের নিকট পরিষ্কার এবং হাই-টাচ সারফেস (যেমন- হ্যান্ডরেল, ডোরনব ইত্যাদি) প্রদর্শন নিশ্চিত করতে হবে; এবং
    - সম্পত্তির বাইরে এবং ভিতরের লোকদের সমাবেশ এড়াতে দায়িত্বশীল পক্ষগুলোকে অবশ্যই প্রদর্শনীর সময় পরিবর্তন করে দিতে হবে।
- দায়িত্বশীল পক্ষগুলিকে কমন বিল্ডিং সুবিধা (যেমন- জিম, ছাদের ডেক, পুল) না দেখাতে উৎসাহিত করা হয়।
    - যদি উপরে উল্লিখিত কমন এলাকাগুলি দেখানো হয়, দায়িত্বশীল পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে এই এলাকাগুলো ঘন ঘন পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হয়েছে এবং 6 ফুটের যথাযথ সামাজিক দূরত্ব সব সময় সব পক্ষের জন্য বজায় রাখা হয়েছে।
- দায়িত্বশীল পক্ষগুলির উচিত শুধুমাত্র একটি পক্ষকে (যেমন- বিল্ডিং ইন্সপেক্টর, বাড়ির মূল্য নির্ধারণকারী, সম্ভাব্য ভাড়াটে/ক্রেতা, ফটোগ্রাফার, স্টেজার) একবারে সম্পত্তির ভেতরে ঢুকতে দেওয়া। যদি একাধিক পক্ষ একই সময়ে সম্পত্তির ভিতরে থাকে, ব্যক্তিদ্বয়ের মধ্যে সব সময় 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে, এবং মুখ ঢাকার সরঞ্জাম অবশ্যই পরতে হবে।
    - দায়িত্বশীল পক্ষ এবং সম্ভাব্য ভাড়াটে/ক্রেতাদের উৎসাহিত করা হয় যাতে তারা অল্পবয়স্ক ছেলেমেয়েদের বা বহিরাগত অতিথিদের সম্পত্তি প্রদর্শনীতে না আনেন, যখন সম্ভব হয়, অথবা উপস্থিত শিশুদের বাইরে রেখে না যায়।
    - দায়িত্বশীল পক্ষগুলোর উচিত সম্ভাব্য ভাড়াটে/ ক্রেতাদের সাথে একই গাড়িতে গাড়ি চালানো থেকে বিক্রেতা/ দালালদের সীমাবদ্ধ করা। যদি এটি এড়ানো না যায়, তাহলে গাড়ির সবার মুখে আবরণ পরতে হবে এবং গাড়ির ঘন ঘন স্পর্শ করা এলাকা পরিষ্কার করতে হবে এবং জীবাণুমুক্ত করতে হবে।
- যেখানে সম্ভব প্রয়োজন হলে, সশরীরে হাঁটার বদলে রিমোট ওয়াকথ্রু পরিচালনা করতে (যেমন- রেকর্ড/লাইভ ভিডিও) দায়িত্বশীল পক্ষগুলোকে উৎসাহিত করা হয়।

E. চলাচল ও বাণিজ্য

- দায়িত্বশীল পক্ষগুলোর উচিত সাইটে অপ্রয়োজনীয় অতিথিদের নিষিদ্ধ করা।
- সংযোগ যথাসম্ভব সীমিত করতে দায়িত্বশীল পক্ষগণকে অবশ্যই পিক-আপ এবং ডেলিভারিগুলির জন্য নির্দিষ্ট এলাকা স্থাপন করতে হবে।
    - যেসব ক্ষেত্রে অত্যাবশ্যকীয় দর্শনার্থীদের (যেমন- সাব-কন্ট্রাক্টর বা বিক্রেতাদের) চত্বরটিতে প্রবেশ করতে হবে, সেক্ষেত্রে দায়িত্বশীল দলগুলোকে নিম্নলিখিতগুলি বিষয়গুলি নিশ্চিত করতে হবে:
        - সব সময় ব্যক্তিদ্বয়ের মধ্যে ন্যূনতম ছয় ফুট দূরত্ব বজায় রাখা হবে;

- যদি অন্যদের ছয় ফুটের মধ্যে থাকতে হয় তবে সকল ব্যক্তি মুখ ঢেকে রাখবে;
- সাব-কন্ট্রাক্টর/বিক্রেতা (উদাহরণস্বরূপ লন্ড্রি রুম) দ্বারা পরিদর্শন করা সকল শক্তভাবে ঘেরা এলাকা পরিষ্কার করা হবে এবং ব্যবহারের পর জীবাণুমুক্ত করা হবে; এবং
- যন্ত্রপতি এবং সরঞ্জাম শেয়ার করা সীমিত করা হবে। যদি সরঞ্জাম শেয়ার করা হয়, কর্মীদের ব্যবহারের আগে সেগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হবে।

- দায়িত্বশীল পক্ষকে সাইটে যোগাযোগ এবং চলাচল সীমিত করা উচিত (যেমন, শিফট শেষ হয়ে যাওয়া কর্মী এবং শিফট শুরু করা কর্মীদের জন্য পৃথক পৃথক প্রস্থান এবং প্রবেশের ব্যবস্থা) (যেমন- যত বেশি সম্ভব কর্মীদের তাদের কর্মক্ষেত্রের কাছাকাছি থাকতে হবে)।

II. জায়গা

A. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- নির্দিষ্ট কর্মক্ষেত্রের কার্যক্রমের জন্য প্রয়োজনীয় PPE ছাড়াও, দায়িত্বশীল পক্ষগণকে অবশ্যই ফ্যাশন বা অন্যথায় স্বীকৃত মুখের আবরণ সংগ্রহ করতে হবে এবং কর্মচারীদের যেকোনো মূল্যে কর্মক্ষেত্রে থাকাকালীন এই ধরনের আবরণ প্রদান করত হবে। দায়িত্বশীল পক্ষগুলির কাছে মুখের আবরণ, মাস্ক এবং অন্যান্য প্রয়োজনীয় (PPE)-এর পর্যাপ্ত যোগান থাকা উচিত, যদি কোনো কর্মচারীর বদলি প্রয়োজন বা একজন দর্শনার্থীর তা প্রয়োজন হয়। সঠিকভাবে মুখ ঢেকে রাখার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু এতটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, কাপড় (উদাহরণস্বরুপ বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, কুইক কাটা, বন্দনা), সার্জিক্যাল মাস্ক, N95 রেসপাইরেটর এবং ফেস শিল্ড।
  - স্টেটের "অন্তর্বর্তীকালীন COVID-19 পেশাদারী পরিষেবার জন্য নির্দেশিকা" এ যেমনটি উল্লেখ করা হয়েছে, ভাড়াটেরা তাদের নিজস্ব কর্মচারী এবং ঠিকাদারদের PPE প্রদানের জন্য দায়বদ্ধ থাকে।

- মুখের আবরণগুলি অবশ্যই পরিষ্কার করতে এবং বদলাতে হবে এবং শেয়ার করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের PPE সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য সেইসাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।
  - মনে রাখবেন যে কাপড়ের তৈরি মুখ আবরণ বা ডিসপোজেবল মাস্ক কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য গ্রহণযোগ্য মুখ আবরণ বিবেচনা করা হবে না যা মুখ আবরণ প্রয়োজনীয়তার জন্য একটি উচ্চ মাত্রার সুরক্ষা আরোপ করে। উদাহরণস্বরূপ, যদি N95 শ্বাস-প্রশ্বাস ঐতিহ্যগতভাবে নির্দিষ্ট কার্যক্রমের জন্য প্রয়োজন হয়, একটি কাপড় বা বাড়িতে তৈরি মাস্ক যথেষ্ট হবে না। দায়িত্বশীল পক্ষগুলিকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য OSHA-এর মান মেনে চলতে হবে।

- দায়িত্বশীল পক্ষগণকে অবশ্যই কর্মচারীদের তাদের নিজস্ব সঠিক মানের মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু কর্মচারীদেরকে তাদের নিজের মুখের আবরণ সরবরাহ করার প্রয়োজন হবে না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মীদের তাদের ব্যক্তিগত মালিকানাধীন অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন- সার্জিকাল মাস্ক, N95 রেস্পিরেটর বা ফেস শিল্ড) পরা থেকে প্রতিরোধ করবে না অথবা অন্যথায় যদি দায়িত্বশীল পক্ষ অনুযায়ী তাদের কাজের প্রকৃতির কারণে কর্মীদের আরো বেশি নিরাপত্তামূলক PPE ব্যবহারের প্রয়োজন হয়। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য OSHA-এর মান মেনে চলতে হবে।

- দায়িত্বশীল পক্ষকে অবশ্যই PPE - যার মধ্যে মুখ আবরণ অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয় - সেগুলো কীভাবে যথাযথ প্রক্রিয়ায় পরা যায়, খুলে নেওয়া যায়, পরিষ্কার করা যায় (যেমন প্রযোজ্য) এবং ফেলে দেওয়া যায় সেই বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে। এই ধরনের প্রশিক্ষণ ঠিকাদারদের কাছে প্রসারিত করা উচিত যদি দায়িত্বশীল পক্ষগুলো PPE-সহ ঠিকাদারদের সরবরাহ করে থাকে।

- দায়িত্বশীল দলগুলোকে অবশ্যই কর্মচারী, ভাড়াটে এবং দর্শনার্থীদের লিফট, লবি সহ কমন এলাকায় মুখের আবরণ পরার পরামর্শ দিতে হবে।

- দায়িত্বশীল পক্ষগুলোকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মীরা একে অপরের সাথে ছয় ফুট দূরত্বের মধ্যে এবং কোনো শারীরিক প্রতিবন্ধকতা ছাড়াই (যেমন প্লেক্সিগ্লাস) একে অপরের সাথে মিথস্ক্রিয়া করার সময় মুখের আবরণ পরিধান করে।

- দায়িত্বশীল পক্ষগুলোর অভ্যর্থনা এবং নিরাপত্তা ডেস্কে শারীরিক বিভাজক স্থাপন করা উচিত।
    - উপরের ধারা I "জনগণ", উপধারা A "শারীরিক দূরত্ব", শারীরিক বিভাজক (যেমন- প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপাদান) OSHA নির্দেশিকা অনুযায়ী স্থাপন করা উচিত।

- দায়িত্বশীল পক্ষগণকে সরঞ্জাম, ল্যাপটপ, নোটবুক, টেলিফোন, টাচস্ক্রিন এবং লেখার উপকরণের মতো জিনিসগুলি শেয়ার করা, সেইসাথে শেয়ার করা পৃষ্ঠতলগুলি স্পর্শ করা সীমিত করতে হবে; অথবা, শেয়ার করা জিনিসগুলির বা প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলগুলির সংস্পর্শে আসার সময় গ্লাভস (কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী বা মেডিকেল); অথবা সংস্পর্শে আসার আগে এবং পরে কর্মীদের নিজেদের হাত জীবাণুমুক্ত করতে হবে বা ধুতে হবে।

C. স্বাস্থ্যবিধি, পরিষ্কারকরণ এবং জীবাণুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার সমেত CDC এবং DOH-এর প্রস্তাবিত স্বাস্থ্যবিধি এবং পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণের আবশ্যিক শর্তগুলি মেনে চলা হচ্ছে কি না তা দায়িত্বশীল পক্ষগণকে নিশ্চিত করতে হবে। দায়িত্বশীল পক্ষগণকে অবশ্যই লগ পরিচালনা করতে হবে যাতে পরিষ্কারকরণ ও জীবাণুমুক্তকরণের তারিখ, সময় এবং পরিচ্ছন্নতার পরিসর অন্তর্ভুক্ত থাকবে।

- দায়িত্বশীল পক্ষগুলোকে অবশ্যই সাইটে উল্লিখিতভাবে হ্যান্ড হাইজিন স্টেশন সরবরাহ এবং রক্ষণাবেক্ষণ করতে হবে:
    - হাত ধোওয়ার জন্য: সাবান, গরম জলের কল এবং ফেলা দেওয়া যায় এরকম কাগজের তোওয়ালে।
    - হ্যান্ড স্যানিটাইজারের জন্য: অন্ততপক্ষে 60% অ্যালকোহল রয়েছে এমন একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার যেখানে হাত ধোয়ার সুবিধা পাওয়া যাবে না বা ব্যবহারিক নাও হতে পারে।
    - অবস্থান জুড়ে হ্যান্ড পর্যাপ্ত স্যানিটাইজার নিশ্চিত করুন। এটি সুবিধাজনক স্থানে রাখা উচিত, যেমন- প্রবেশদ্বার, প্রস্থান, লিফট এবং নিরাপত্তা/অভ্যর্থনা কেন্দ্র। যেখানে সম্ভব স্পর্শহীন হ্যান্ড স্যানিটাইজার ডিসপেনসার ইনস্টল করা উচিত।
    - রিয়েল এস্টেট বিক্রেতাদের যেকোনো সম্পত্তি পরিদর্শনের আগে এবং পরে সম্ভাব্য গ্রাহকদের কাছে হ্যান্ড স্যানিটাইজারের ব্যবহার নিশ্চিত করতে উৎসাহিত করা হয়।
- দায়িত্বশীল পক্ষগুলোকে হ্যান্ড স্যানিটাইজার স্টেশনের কাছাকাছি সাবান ও জল দিয়ে হাত ধোওয়ার আবশ্যিকতা নির্দেশ করে সাইনেজ টাঙাতে হবে; হাত খুব ভিজে থাকলে হ্যান্ড স্যানিটাইজার কাজ করে না।
- দায়িত্বশীল পক্ষগুলোর উচিত PPE-সহ পরিত্যক্ত সামগ্রীগুলি ডিসপোজাল করা জন্য ভবনের পাশেই জায়গা নির্ধারণ করতে হবে।

- দায়িত্বশীল পক্ষগণকে শেয়ার এবং ঘনঘন স্পর্শ করা পৃষ্ঠতলগুলির জন্য অবশ্যই যথাযথ পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ সামগ্রী প্রদান করতে হবে এবং উৎপাদন সংক্রান্ত নীতিমালা অনুসরণ করে এই পৃষ্ঠতলগুলি ব্যবহারের আগে এবং পরে তাদের কর্মচারীদের হাতের স্বাস্থ্যবিধির অনুযায়ী এই সামগ্রীগুলি ব্যবহার করতে উৎসাহিত করতে হবে।

- দায়িত্বশীল পক্ষগুলোকে সাইটকে নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে। অবশ্যই খুব ভালো এবং অন্তত প্রত্যেক শিফটের পরে, প্রতিদিন বা প্রয়োজন অনুযায়ী আরো ঘনঘন ক্রমাগত করে পরিষ্কারকরণ এবং জীবাণুমুক্তকরণ করে যেতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার ও জীবাণুমুক্ত করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
  - দায়িত্বশীল পক্ষগণকে বিশ্রামাগারগুলি অবশ্যই নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। ব্যবহারের ফ্রিকোয়েন্সির ওপর নির্ভর করে রেস্ট্রুমগুলি আরো বেশিবার পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হতে পারে।
    - দায়িত্বশীল পক্ষগণকে, যেখানে সম্ভব, সাইনেজ, অধিকৃত থাকার চিহ্ন বা অন্যান্য পদ্ধতি অবলম্বন করে রেস্টরুমের লোকসংখ্যা কমিয়ে দূরত্বের নিয়ম পালন করা নিশ্চিত করতে হবে।
  - দায়িত্বশীল পক্ষগণকে অবশ্যই নথিভুক্ত জীবানুমুক্তকরণ সামগ্রীগুলি ব্যবহার করে যন্ত্রপাতি ও সরঞ্জাম নিয়মিত জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে, অন্তত কর্মীদের কর্মক্ষেত্রগুলির পরিবর্তন বা একটি নতুন সরঞ্জামের সেটে পরিবর্তিত হওয়াসহ। এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) কর্তৃক প্রকাশিত COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা দেখুন।
  - যদি পরিষ্কারকরণ এবং জীবাণুমুক্তকরণ সামগ্রীগুলি বা পরিষ্কারকরণ এবং জীবাণুমুক্তকরণের কাজটি নিরাপত্তার ঝুঁকির কারণ হয় বা উপকরণ বা মেশিনারির মান নিম্ন হয়, তাহলে দায়িত্বশীল পক্ষগণকে অবশ্যই সেই ধরনের মেশিনারিগুলি ব্যবহারের মধ্যে হাতের স্বাস্থ্যবিধি পালনের বন্দোবস্ত করতে হবে এবং/অথবা ডিজপোজেবেল গ্লাভস সরবরাহ করতে হবে এবং/অথবা সেই মেশিনারি ব্যবহার করা কর্মচারীর সংখ্যা সীমিত করতে হবে।
  - দায়িত্বশীল পক্ষকে একজন কর্মীর COVID-19 শনাক্ত হওয়ার ক্ষেত্রে সংক্রামণ এলাকার পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এই ধরনের পরিচ্ছন্নতার অন্তর্ভুক্ত হবে, অন্তত সব অধিক লোক চলাচল এলাকা এবং উচ্চ-স্পর্শ পৃষ্ঠতল (যেমন- সরঞ্জাম, টাচস্ক্রিন, প্রিন্টার্স, কীপ্যাড, টেলিফোন, হ্যান্ড রেইল, দড়জার হাতল) ইত্যাদি পরিষ্কার।
- কোনো ব্যক্তি COVID-19-এ আক্রান্ত বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে "আপনার ফ্যাসিলিটি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করা"-এর (Cleaning and Disinfecting Your Facility) উপর CDCএর নির্দেশিকা নিম্নরুপ:
  - কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে, সেই ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি বন্ধ রাখুন।
    - দায়িত্বশীল পক্ষগণ সংক্রমিত অঞ্চলগুলিকে বন্ধ করে দিতে পারলে, তাদের কার্যকলাপ যে বন্ধ করে দিতে হবে তা নয়।
    - আক্রান্ত এলাকা বন্ধ এবং পরিষ্কার ও জীবাণুমুক্ত করা প্রয়োজন।
  - অঞ্চলটিতে বায়ু চলাচল বাড়ানোর জন্য সেই অঞ্চলের বাইরের দিকের দরজা ও জানালা খুলে রাখুন।
  - পরিষ্কার ও জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। 24 ঘন্টা সম্ভব না হলে, যতক্ষণ সম্ভব ততক্ষণ অপেক্ষা করুন।
  - কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে, সেই ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি, যেমন অফিস, বাথরুম, সকলের ব্যবহারের অঞ্চলগুলি এবং শেয়ার করা যন্ত্রপাতিগুলি পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।

- ○ একবার অঞ্চলটি যথাযথভাবে পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হয়ে গেলে, সেটি ব্যবহারের জন্য আবার খুলে দেওয়া যেতে পারে।
    - ▪ COVID-19-এ আক্রান্ত বলে সন্দেহ করা অথবা নিশ্চিতভাবে সংক্রমিত ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসেননি এমন কর্মচারীরা পরিষ্কার ও জীবাণুমুক্ত করার পরে অবিলম্বে কাজের জায়গায় ফিরে আসতে পারবেন।
    - ▪ "ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসা" সম্পর্কে আরো তথ্যের জন্য DOH-এর " COVID-19 সংক্রমণ বা সান্নিধ্যে আসার পরে সরকারি এবং বেসরকারি কর্মচারীদের কাজে ফিরে আসা সম্পর্কিত অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
- ○ যদি COVID-19-এ আক্রান্ত বলে সন্দেহ করা অথবা নিশ্চিতভাবে সংক্রমিত ব্যক্তি সাত দিনের বেশি এসে থাকেন বা ফ্যাসিলিটিটি ব্যবহার করে থাকেন, অতিরিক্ত পরিষ্কার ও জীবাণুমুক্ত করার প্রয়োজন নেই, কিন্তু রুটিন পরিষ্কার ও জীবাণুমুক্ত করা চালিয়ে যেতে হবে।

- কর্মচারী এবং/অথবা বাসিন্দাদের দ্বারা ব্যবহৃত শেয়ারকৃত বিল্ডিং স্পেস COVID-19 (যেমন- লিফট, লবি, বিল্ডিং প্রবেশদ্বার) বন্ধ করতে হবে এবং দায়িত্বশীল পক্ষ দ্বারা জীবাণুমুক্ত করতে হবে। কর্মী COVID-19-এ আক্রান্ত বলে সন্দেহ করা অথবা নিশ্চিতভাবে সংক্রমিত হলে দায়িত্বশীল দলগুলোকে অবিলম্বে তা জানাতে হবে।
- যদি কমন এলাকা বন্ধ করে দেওয়া হয় তাহলে দায়িত্বশীল পক্ষগুলিকে অবশ্যই কর্মরত সকল কর্মচারী এবং বাসিন্দাদের নোটিশ দিতে হবে।
- দায়িত্বশীল পক্ষগুলিকে বাসিন্দা এবং/অথবা কর্মীদের অবশ্যই শেয়ারকৃত কফির পাত্র বা অন্যান্য খাদ্য এবং পানীয় সুবিধার ব্যবহার নিষিদ্ধ করতে হবে।
- দায়িত্বশীল পক্ষগণকে অবশ্যই খাবার এবং পানীয় (যেমন, বাফেট স্টাইলের খাবার) ভাগ করে খাওয়া নিষিদ্ধ করতে হবে, বাড়ি থেকে লাঞ্চ নিয়ে আসতে উৎসাহিত করতে হবে, এবং খাবার খাওয়ার সময় সামাজিক দূরত্ব বজায় রাখার মতো পর্যাপ্ত জায়গা রাখতে হবে।

C. পর্যায়ক্রমে পুনরায় খোলা

- দায়িত্বশীল পক্ষগণকে ধাপ বা পর্যায় পুনরায় খোলার জন্য উৎসাহিত করা হয় যাতে পরিচালনাগত সমস্যাগুলি উৎপাদন বা কাজ সম্পর্কিত ক্রিয়াকলাপগুলি স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে সমাধান করে নেওয়া যায়। প্রথমবার পুনরায় খোলার সময় কতজন কর্মচারী কাজ করবেন, কাজের সময়কাল এবং আরোহীদের সংখ্যা সীমিত করার কথা দায়িত্বশীল পক্ষগণকে বিবেচনা করতে হবে যাতে সেই পরিবর্তনের সাথে সামঞ্জস্য রাখার সক্ষমতা সহ অপারেশনগুলি প্রদান করা যায়।

D. যোগাযোগ পরিকল্পনা

- দায়িত্বশীল পক্ষগণকে নিশ্চিত করতে হবে যে আপনি স্টেটের-ইস্যু করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন এবং এটিও নিশ্চিত করতে হবে যে আপনি সেগুলি কার্যকর করবেন।
- দায়িত্বশীল পক্ষগণকে কর্মচারী এবং আরোহীদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা গড়ে তুলতে হবে যা প্রযোজ্য নির্দেশাবলী, প্রশিক্ষণ, সাইনেজ এবং কর্মচারীদের তথ্য প্রদানের একটি অবিচলিত উপায়কে অন্তর্ভুক্ত করে। দায়িত্বশীল পক্ষগণকে ওয়েবপেজ, টেক্সট এবং ইমেইল গ্রুপ এবং সোশ্যাল মিডিয়া গড়ে তোলার কথা বিবেচনা করতে হবে।

- দায়িত্বশীল পক্ষগুলোর উচিত গ্রাহকদের PPE ব্যবহারের ব্যাপারে CDC এবং DOH-এর নির্দেশিকা মেনে চলতে উৎসাহিত করা, বিশেষ করে মুখের আবরণ যখন 6 ফুট সামাজিক দূরত্ব বজায় রাখা যায় না, মৌখিক যোগাযোগ এবং সাইনেজের মাধ্যমে।

- দায়িত্বশীল পক্ষগণ রিটেইল অবস্থানের ভিতরে ও বাহিরে সাইনেজ পোস্ট করে কর্মী ও গ্রাহকদের সঠিক পরিচ্ছন্নতা, সামাজিক দূরত্ব নিয়ম, PPE-এর সঠিক ব্যবহার এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার প্রোটোকল মেনে চলার জন্য সতর্ক করবেন।

- যেখানে প্রযোজ্য এবং যথাযথ, দায়িত্বশীল পক্ষগুলোর উচিত ভাড়াটেদের সাথে সমন্বয় সাধন করে ভবনে প্রবেশ করার জন্য প্রত্যাশিত প্রয়োজনীয় অতিথিদের একটি তালিকা প্রণয়ন করা।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং টেস্টিং

- দায়িত্বশীল পক্ষগুলোকে অবশ্যই বাধ্যতামূলক দৈনিক স্বাস্থ্য পরীক্ষা পদ্ধতি প্রয়োগ করতে হবে।
    - কর্মচারীরা সাইটে রিপোর্ট করার আগে, যতখানে সম্ভব, স্ক্রিনিংয়ের কাজগুলি দূরবর্তীভাবে করা যেতে পারে (যেমন টেলিফোনে বা ইলেকট্রনিকভাবে) বা সাইটে করা যেতে পারে।
    - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে কর্মচারীদের একে অপরের সাথে ঘনিষ্ঠ হওয়া বা কাছাকাছি আসা আটকাতে স্ক্রিনিং সমন্বয় করতে হবে।
    - অন্তত সব কর্মী এবং দর্শনার্থীদের স্ক্রিনিং করতে হবে এবং একটি চার্ট ব্যবহার করতে হবে যা নির্ধারণ করে যে কর্মী বা দর্শনার্থীর সাথে নিম্নোক্ত ঘটনা ঘটেছে কি না:

        (a) জেনেশুনে গত 14 দিনের মধ্যে COVID-19 এর জন্য পরীক্ষায় ইতিবাচক ফলাফল এসেছে বা যার মধ্যে COVID-19-এর উপসর্গ রয়েছে এমন কারোর ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন;

        (b) গত 14 দিনের মধ্যে COVID-19-এর জন্য ইতিবাচক পরীক্ষিত হয়েছেন; অথবা

        (c) গত 14 দিনে তার COVID-19-এর কোনো লক্ষণ দেখা দিয়েছে কি না।
- বাসিন্দাদের জন্য স্ক্রিনিংয়ের প্রয়োজন হবে না:
    - দায়িত্বশীল পক্ষগুলো বাসিন্দাদের উৎসাহিত করতে পারে যদি তারা COVID-19-এর জন্য ইতিবাচক পরীক্ষা করে থাকে এবং/অথবা লক্ষণ থেকে থাকে।
    - যদি কোনো বাসিন্দা প্রকাশ করে যে তারা COVID-19 এবং/অথবা লক্ষণের জন্য ইতিবাচক পরীক্ষা করেছে, তাহলে দায়িত্বশীল পক্ষগুলোকে অবিলম্বে যথাযথ পরিষ্কার এবং সংক্রমণের প্রোটোকল চালু করতে হবে।
- সম্পত্তি দেখানোর উদ্দেশ্যে, দায়িত্বশীল পক্ষগুলোর উচিত:
    - একটি সম্পত্তিতে প্রবেশ করার আগে ক্রেতা/ইজারাদারকে স্ক্রিনিং সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করা;
    - কোনো ব্যক্তি তাদের সম্পত্তিতে প্রবেশ করার আগে বিক্রেতা/ইজারাদাতাকে স্ক্রিনিং সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করা;
    - বিক্রেতা/ইজারাদাতাকে জানাতে হবে যে তারা তাদের সম্পত্তি পরিদর্শনের 48 ঘন্টার মধ্যে COVID-19-এর কোনো লক্ষণ দেখা গেছে কি না এবং/বা ইতিবাচক পরীক্ষিত হয়েছেন কি না; এবং

- ক্রেতা/ইজারাদারকে জানাতে হবে যে তারা কোনো সম্পত্তি পরিদর্শনের 48 ঘণ্টার মধ্যে COVID-19-এর কোনো লক্ষণ দেখা গেছে কি না এবং/বা ইতিবাচক পরীক্ষিত হয়েছেন কি না।

- COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি সম্পর্কে সব থেকে সাম্প্রতিকতম তথ্যের জন্য "করোনাভাইরাসের উপসর্গসমূহ" (Symptoms of Coronavirus) এর বিষয়ে CDC-এর নির্দেশিকা দেখুন।

- দায়িত্বশীল পক্ষগুলির উচিত কর্মীদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোনো প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন- যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তারপরে।

- স্ক্রিনিংয়ের প্রশ্নোত্তরের পাশাপাশি, কর্মসংস্থানের সমান সুযোগ কমিশন (Equal Employment Opportunity Commission) বা DOH-এর নির্দেশাবলী অনুযায়ীও প্রতিদিন তাপমাত্রা পরীক্ষা করা হতে পারে। দায়িত্বশীল পক্ষগণকে কর্মচারীর স্বাস্থ্য সংক্রান্ত ডেটার (যেমন- তাপমাত্রার ডেটা) রেকর্ড রাখার উপর নিষেধাজ্ঞা রাখা হয়েছে।

- দায়িত্বশীল পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, তাপমাত্রা পরীক্ষাসহ, স্ক্রিনিং কার্যকলাপ সম্পাদনকারী যেকোনো ব্যক্তিকে, সম্ভাব্য সংক্রমিত কর্মী বা সাইটে আসা কন্ট্রাক্টরদের সংস্পর্শে আসা থেকে যথাযথভাবে সুরক্ষিত করা হয়েছে। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের CDC, DOH এবং OSHA প্রোটোকলের সাথে পরিচিত কর্মকর্তা-চিহ্নিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ PPE প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত এবং তাতে গ্লাভস, একটি গাউন এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- COVID-19 উপসর্গগুলির জন্য ইতিবাচক পরীক্ষিত হওয়া একজন কর্মচারিকে কর্মক্ষেত্রে ঢুকতে দেওয়া যাবে না এবং মূল্যায়ন ও টেস্টিংয়ের জন্য তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার নির্দেশ দিয়ে বাড়ি পাঠাতে হবে। দায়িত্বশীল পক্ষগুলোকে অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে এই বিষয়ে অবহিত করতে হবে যদি পরীক্ষার ফলাফল COVID-19-এর জন্য ইতিবাচক হয়। দায়িত্বশীল পক্ষগণকে কর্মচারীটিকে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্য প্রদান করতে হবে।

- দায়িত্বশীল পক্ষগণকে, যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে বা যে কর্মচারী COVID-19-এর সংক্রমিত একজন ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসার পরে কাজে আবার যোগদান করতে চাইছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য "DOH-এর COVID-19 সংক্রমণ বা সান্নিধ্যে আসার পরে সরকারি এবং বেসরকারি কর্মচারীদের কাজে ফিরে আসা সম্পর্কিত অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখতে হবে।

- দায়িত্বশীল পক্ষগুলিকে অবশ্যই যোগাযোগের একটি কেন্দ্রীয় বিন্দু নির্ধারণ করতে হবে, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন দ্বারা পরিবর্তিত হতে পারে, যা সকল কর্মচারীর প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, এই ধরনের যোগাযোগ কর্মচারী এবং দর্শনার্থীদের জন্য পার্টি হিসেবে চিহ্নিত করা হয়েছে যে তারা পরে COVID-19 সম্পর্কিত উপসর্গ অনুভব করছে কি না,

- একজন নিরাপত্তা উপদেষ্টা নিয়োগ করুন যার দায়িত্বগুলির মধ্যে থাকবে সাইটের নিরাপত্তা পরিকল্পনার সব বিষয়গুলি মেনে চলা হচ্ছে কি না সে বিষয়ে নজর রাখা।

- যতটা সম্ভব, দায়িত্বশীল পক্ষগুলির উচিত এমন সকল কর্মী ও ভিজিটর সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখা, যাদের কাজের সাইট বা এলাকায় অন্যান্য ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে; সেই সকল ডেলিভারি ছাড়া যা উপযুক্ত PPE পরে বা স্পর্শহীন মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন

কর্মী COVID-19-এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাকে জানানো যায়। দায়িত্বশীল পক্ষগণকে অবশ্যই স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সংস্পর্শ খুঁজে বের করার উদ্যোগগুলির সাথে সহযোগিতা করতে হবে।

- দায়িত্বশীল পক্ষগুলিকে অবশ্যই যোগাযোগের একটি কেন্দ্রীয় বিন্দু নির্ধারণ করতে হবে, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন দ্বারা পরিবর্তিত হতে পারে, যা সকল কর্মচারীর প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, এই ধরনের যোগাযোগ কর্মচারী, কন্ট্রাক্টর এবং দর্শনার্থীদের জন্য পার্টি হিসেবে চিহ্নিত করা হয়েছে যে তারা পরে COVID-19 সম্পর্কিত উপসর্গ অনুভব করছে কি না।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়িত্বশীল পক্ষগণ, তাদের সাইটে কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে অবশ্যই অবিলম্বে স্টেট ও স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে সে সম্পর্কে অবহিত করতে হবে।

- টেস্টিংয়ে একজন কর্মী বা ভিজিটর পজিটিভ হলে, প্রয়োজনে দায়িত্বশীল পক্ষগণকে কর্মক্ষেত্রে ঐ ব্যক্তির সংস্পর্শে আসা সকলকে চিহ্নিত করার জন্য ভবনের নিকটস্থ স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সাথে সহযোগিতা করতে হবে এবং কর্মীটি প্রথম COVID-19-এর উপসর্গ বোধ করার বা পজিটিভ টেস্ট হওয়ার, এর মধ্যে যেটি আগে হয়েছে, তার 48 ঘণ্টা আগে সাইটে প্রবেশ করা সকল কর্মী এবং ভিজিটরদের সম্পর্কে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে অবগত করতে হবে। যুক্তরাষ্ট্রীয় এবং স্টেটের আইন ও বিধান অনুযায়ী অবশ্যই গোপনীয়তা বজায় রাখতে হবে।
    - কর্মক্ষেত্রে থাকাকালীন কোন কর্মচারী বা ভিজিটরের উপসর্গ দেখা দিলে, দায়িত্বশীল পক্ষগুলোকে অবিলম্বে যথাযথ বিল্ডিং ম্যানেজারদের অবহিত করতে হবে যে ব্যক্তিটি ভবনের কোথায় কোথায় গিয়েছে এবং ব্যক্তিটি ইতিবাচক হলে তাকে ফলো-আপে রাখতে হবে।

- স্টেট ও স্থানীয় স্বাস্থ্য দপ্তরগুলি বাড়িতে আইসোলেশন বা কোয়ারেন্টাইন সহ সংক্রমিত বা সান্নিধ্যে আসা ব্যক্তিদের উপর নজর রাখা এবং তাদের গতিবিধি সীমাবদ্ধ করার বিষয়টি কার্যকর করবে।

- যে সমস্ত ব্যক্তিদের সতর্ক করে দেওয়া হয়েছে যে তারা একজন COVID-19 সংক্রমিত ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি এসেছেন এবং চিহ্নিতকরণ, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতিগুলির মাধ্যমে সতর্ক করে দেওয়া কর্মচারীদের, সতর্ক করে দেওয়ার সময় তা নিজে থেকে তাদের নিয়োগকারীকে রিপোর্ট করতে হবে এবং তারা উপরে উল্লিখিত সমস্ত প্রোটোকল মেনে চলবেন।

IV. নিয়োগকারীর পরিকল্পনাসমূহ

দায়িত্বশীল পক্ষগুলোকে অবশ্যই সাইটে সম্পূর্ণ নিরাপত্তা পরিকল্পনা পোস্ট করতে হবে। COVID-19-এর বিস্তার রোধ করতে পরিকল্পনা গঠনের জন্য স্টেট, ব্যবসার মালিক এবং পরিচালকদের পথ দেখাতে, একটি ব্যবসার নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট প্রকাশ করেছে।

নিরাপত্তার আরো তথ্য, নির্দেশিকা এবং রিসোর্সগুলি এখানে পাওয়া যাবে:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাস (COVID-19)-এর ওয়েবসাইট
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19)-এর ওয়েবসাইট
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19-এর ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কটিতে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করার জন্য আপনার দায়িত্বগুলো পড়েছেন এবং বুঝেছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation